PG Odd Semester (CBCS) Exam., December—2017

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–105

(উনিশ শতকের বাংলা কবিতা)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। কবি ঈশ্বরগুপ্তের পিতার নাম উল্লেখ করো। সাপ্তাহিক 'সংবাদ প্রভাকর' পত্রিকাটির প্রচার কত সাল থেকে শুরু হয়? কবির উৎসব-চেতনা বিষয়ক দুটি কবিতার নাম লেখো। ''ঈশ্বরগুপ্তের কবিচেতনায় প্রাচীন ও আধুনিক কাল দুইয়েরই সম্মানিত উপস্থিতি ছিল, দুইয়েরই স্বাভাবিক বিকাশ ঘটেছিল তাঁর কাব্য সাধনায়।'' সমালোচকের এই মন্তব্যটি তাঁর কবিতা আলোচনায় বুঝিয়ে দাও। ১+১+২+১০=১৪

২। ''সত্যেনের মতো বিচিত্র ছন্দের স্রষ্টা বাংলায় খুব কমই আছে।'' এই মন্তব্যটি কার? সত্যেন্দ্রনাথ দত্তের যে কোনো দুটি কবিতার নাম উল্লেখ করো। কবির কবিতাগুলোতে ইতিহাস-চেতনা ও পুরাণ প্রসঙ্গ কীভাবে রূপায়িত হয়েছে, উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১+২+১১=১৪

খ—গুচ্ছ

৩। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের নাম কী? বীরবাহুর মাতার নাম কী? ''ব্যক্তি পুরুষের শক্তির যে চিরন্তন ট্র্যাজেডি, তারই প্রতিরূপ রাবণ চরিত্র।'' 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে উক্ত মন্তব্যটিকে বিস্তৃতভাবে ব্যাখ্যা করো। ১+১+১২=১৪

৪। কোন্ যজ্ঞগৃহে লক্ষ্মণ মেঘনাদকে 'বধ' করেছিলেন? নবম সর্গের সর্বমোট পংক্তি সংখ্যা কত? ভারতীয় মহিমার আদর্শায়িত নারী চরিত্র 'মেঘনাদবধ কাব্য'-এর সীতা। মধুসূদনকে অনুসরণ করে সীতা চরিত্রের আনুপূর্বিক বর্ণনা দাও। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। হেমচন্দ্রের প্রথম কাব্যগ্রন্থ কোনটি? কাব্যটি কত সালে প্রকাশিত হয়েছিল? ''হেমচন্দ্র বাংলা সাহিত্যে ও বাঙালির ইতিহাসে চিরস্মরণীয় হইয়া থাকিবেন ; কারণ তিনি আমাদের স্বাজাত্যবোধ ও স্বদেশপ্রেম যে পরিমাণে উদ্বুদ্ধ করিয়াছিলেন এমন আর সে যুগে কোন কবি করেন নাই।'' মন্তব্যটির স্বরূপ বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬। হেমচন্দ্রের 'বৃত্রসংহার' কাব্যের আদ্যন্ত পরিকল্পনায় মধুসূদনের কোন্ দুটি কাব্যের প্রভাব রয়েছে? মহাকাব্য বিষয়ে হেমচন্দ্রের আলংকারিক জ্ঞান একজন Real B.A-র মতো হলেও তাঁর কবিচেতনা গভীর ভাবান্বিত শিল্প রচনার পক্ষে নিতান্ত দুর্বল ছিল।'' পর্যালোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। ''আমি সেই প্রথম বাংলা কবিতায় কবির নিজের সুর শুনলাম।'' বিহারীলাল চক্রবর্তীর কাব্য সম্পর্কে এই উক্তিটি কে করেছিলেন? '' 'সারদামঙ্গল' ছাড়া বিহারীলাল রচিত যে কোনো দুটি কাব্যগ্রন্থের নামোল্লেখ করো। বাংলা কবিতার ইতিহাসে 'সারদামঙ্গল' অবশ্যই এক নতুনধারার সূচনাবিন্দু।'' মন্তব্যটি যথার্থ কি না, আলোচনা করো। ১+২+১১=১৪

৮। 'স্বপ্নপ্রয়াণ' কাব্যের প্রথম ও শেষ সর্গের নাম লেখো। দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের অন্য যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো। রূপক কাব্যের বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করে 'স্বপ্নপ্রয়াণ' কাব্যের অভিনবত্ব মূল্যায়ন করো। ২+২+(৪+৬)=১৪

ঙ—গুচ্ছ

৯। কত বঙ্গাব্দে অক্ষয়কুমার বড়ালের 'এষা' প্রথম প্রকাশিত হয়? 'এষা' কাব্যগ্রন্থের সূচনাংশে ইংরাজী সাহিত্যের কোন্ কবির কাব্য থেকে ছ'টি চরণ উদ্ধৃত হয়েছে? শোককাব্য হিসাবে 'এষা' কাব্যগ্রন্থের সার্থকতা বিচার করো। ১+১+১২=১৪

১০। গীতিকবিতা বলতে কী বোঝ? মানকুমারী বসু কিংবা কামিনী রায়ের কবিতা আলোচনা করে গীতিকবিতার তাৎপর্য বিশ্লেষণ করো। ৪+১০=১৪

★★★